

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭০৫

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ যমযম কৃপ কখন প্রকাশ করেন, তার বিবরণ

ذِكْرُ الْوَقْتِ الَّذِي أَخْرَجَ اللَّهُ زَمْزَمَ وَأَظْهَرَهَا

আরবী

3705 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ الْبُخَارِيُّ بِبَعْدَادَ حَدَّثَنَا حَاجَاجُ بْنُ الشَّاعِرِ حَدَّثَنَا  
وَهْبُ بْنُ جَرِيرٍ حَدَّثَنَا أَبِي قَالَ: سَمِعْتُ أَيُوبَ يُحَدِّثُ عَنْ سَعِيدِ بْنِ جُبَيرٍ عَنْ أَبْنِ عَبَّاسٍ  
عَنْ أَبِي بْنِ كَعْبٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:  
(إِنَّ جِبْرِيلَ حِينَ رَكَضَ زَمْزَمَ بِعَقِبِهِ جَعَلَتْ أُمُّ إِسْمَاعِيلَ تَجْمَعُ الْبَطْحَاءَ) قَالَ النَّبِيُّ  
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (رَحْمَ اللَّهُ هَاجَرَ! لَوْ تَرَكْتُهَا كَانَتْ عَيْنَا مَعِيناً)

الراوي : ابن عباس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات  
الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3705 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (1669):  
خ لم يذكر أبداً ، وهو الأصح.

বাংলা

৩৭০৫. উবাই বিন কাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া  
সাল্লাম বলেছেন, “নিশ্যয়ই জিবরীল আলাইহিস সালাম যখন পায়ের গোড়ালীর আঘাতে যমযম কৃপ সৃষ্টি করেন,  
তখন ইসমাইল আলাইহিস সালামের মা মাটিকে একত্রিত করতে শুরু করেন (পানিকে আটকিয়ে রাখার জন্য)।”

আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “মহান আল্লাহ হাজারা আলাইহিস সালামের প্রতি রহম  
করুন, যদি তিনি সেটাকে আপন অবস্থায় ছেড়ে দিতেন, তবে সেটা প্রবহমান ঝর্ণাধারায় পরিণত হতো!”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১২১; সহীলুল বুখারী: ২৩৬৮; সুনান বাইহাকী: ৫/৯৮-৯৯; তাবারী: ১৩/২২৯-২৩০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাত্তল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাত্তল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৬৬৯)

হাদিসের মান: **সহীহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উবাই ইবনু কাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93042>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন